গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা।**

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা |
|---|---|---|
| ১. | "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" শীর্ষক সেমিনার আয়োজন। | • "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" শীর্ষক সেমিনার আয়োজনের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত হয়।<br>• গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখে সেমিনারটি আয়োজনের জন্য প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।<br>• পরবর্তীতে কোভিড-১৯ পরিস্থিতির জন্য সেমিনার আয়োজন করা সম্ভব হয়নি।<br>• স্বাস্থ্যবিধি ও সরকারি অনুশাসন মেনে গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ২. | জাঁকজমকপূর্ণভাবে ঢাকায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হবে। | • বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্ট-২০১৯ এর ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় পর্যায়ের খেলাসমূহ গত ১৪ মার্চ ২০২০ তারিখ হতে শুরু করার জন্য সময় নির্ধারিত থাকলেও কোভিড-১৯ পরিস্থিতির কারণে তা সম্ভব হয়নি।<br>• কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এনে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্ট-২০১৯ আয়োজন করা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এ টুর্নামেন্ট জাঁকজমকপূর্ণভাবে আয়োজন করা হবে। |
| ৩. | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। | • কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এনে আগামী মার্চ অথবা এপ্রিল ২০২১ মাসে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে এবং জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৯ প্রদান করা হবে।<br>• কোভিড-১৯ অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারি নির্দেশ অনুযায়ী প্রয়োজনে অনলাইনে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৯ এর আয়োজন করা হবে। |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। | • কোভিড-১৯ পরিস্থিতির কারণে উপানুষ্ঠানিক ব্যুরো সম্মেলন কক্ষে সীমিত পরিসরে ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন করা হয়েছে।<br>• কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথারীতি আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনের প্রস্তুতি গ্রহণ করা হবে। |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অংশগ্রহণে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে বই বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। |

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা |
|---|---|---|
| ৬. | ‘মুজিববর্ষ’ ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। |
| ৭. | ‘মুজিববর্ষ’ ব্যাপী উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজনের বিষয়ে সদয় অনুমোদন গ্রহণের ব্যবস্থা নেয়া হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন এবং ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠেয় সমাবেশের কর্মপরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে। কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক মা-সমাবেশের আয়োজন করা হবে। |
| ৮. | ‘মুজিববর্ষ’ ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত ‘বঙ্গবন্ধু বুক কর্নার’ কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা হবে। | • শিক্ষার্থীদের পঠন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে শ্রেণিকক্ষে / প্রতিটি বিদ্যালয়ে “বঙ্গবন্ধু বুক কর্নার” স্থাপন করা হবে, যেখানে এসআরএম ছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন আদর্শের উপর প্রকাশিত শিশুদের উপযোগী বই, বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, মহান মুক্তিযুদ্ধ, নৈতিকতা শিক্ষা ও খ্যাতিমান ব্যক্তিগণের জীবনী সম্পর্কিত বই সংরক্ষণ করা হবে।<br>• “বঙ্গবন্ধু” নামে বুক কর্নার স্থাপনের বিষয়ে “বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট”-এর অনুমোদন গ্রহণ করা হবে। |
| ৯. | ‘মুজিববর্ষ’ উপলক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইতোমধ্যে ১৮২১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপন করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনমাফিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১০. | ‘মুজিববর্ষ’ উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘স্টুডেন্টস কাউন্সিল’-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘স্টুডেন্টস কাউন্সিল’-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করা হবে। |
| ১১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হয়েছে। ওয়েব পেইজটি যথাযথভাবে কার্যকর করতে হবে। |
| ১২. | ‘মুজিববর্ষ’ উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করা হবে। | • ‘মুজিববর্ষ’ উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দানের কার্যক্রম চলমান আছে।<br>• নির্ধারিত সময়ের মধ্যেই ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দানের কার্যক্রম সম্পন্ন করা হবে। |
| ১৩. | ‘মুজিববর্ষ’ উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশের কাজটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। |
| ১৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে। | • চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে পর্যায়ক্রমে চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে। |